বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আবশ্যক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে ঃ

কর্মকর্তা পদ

১। **কেন্দ্রিয় লাইব্রেরি**
লাইব্রেরিয়ান-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ঃ ৳ঃ ৫৬৫০০-৭৪৪০০/-।

২। **রেজিস্ট্রার অফিস**
(ক) ডেপুটি রেজিস্ট্রার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ঃ ৳ঃ ৪৩০০০-৬৯৮৫০/-।
(খ) সহকারী রেজিস্ট্রার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৯০০০-৬৩৪১০/-।
(গ) প্রশাসনিক অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।
(ঘ) ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।

৩। **অডিট অফিস**
ডেপুটি কম্পট্রোলার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ঃ ৳ঃ ৪৩০০০-৬৯৮৫০/-।

৪। **ছাত্রকল্যাণ পরিদপ্তর**
(ক) পেশ ইমাম (কেন্দ্রিয় মসজিদ)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ৩৫৫০০-৬৭০১০/-।
(খ) মেডিক্যাল অফিসার (মেডিক্যাল সেন্টার)-এর ২ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৩০০০- ৫৫৪৭০/-।

৫। **প্রকৌশল অফিস**
নির্বাহী কর্মকর্তা-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ৩৫৫০০-৬৭০১০/-।

৬। **পরিকল্পনা ও উন্নয়ন পরিদপ্তর**
সহকারী পরিচালক(পরিকল্পনা)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৯০০০-৬৩৪১০/-।

৭। **গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ**
এক্সপেরিমেন্টাল ইঞ্জিনিয়ার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৯০০০-৬৩৪১০/-।

৮। **ডিএইআরএস অফিস**
(ক) সহকারী পরিচালক (তথ্য ও প্রকাশনা)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৯০০০-৬৩৪১০/-।
(খ) তথ্য ও প্রকাশনা অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।
(গ) প্রশাসনিক অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।

৯। **কম্পট্রোলার অফিস**
(ক) সহকারী পরিচালক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৯০০০-৬৩৪১০/-।
(খ) একাউন্টস অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।

১০। **বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ**
(ক) মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৯০০০-৬৩৪১০/-।
(খ) সহকারী টেকনিক্যাল অফিসার(বিএমই)-এর ২ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১৬০০০-৩৮৬৪০/-।

১১। **বুয়েট-জিডপাস**
সহকারী প্রোগ্রামার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।

বিঃ দ্রঃ- পেশ ইমাম পদে ইতোপূর্বে আবেদনকারীগণের (আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ছিল ঃ ২১/০৯/২০১৬) পুনরায় আবেদনের প্রয়োজন নাই তবে অতিরিক্ত তথ্য সংযোজনের প্রয়োজন হইলে আবেদনপত্রে পদের নাম ও অফিসের নাম উল্লেখ করিয়া অতিরিক্ত তথ্য সংযোজন করা যাইবে।

উপরোল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ১৫/১০/২০১৭

লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে লাইব্রেরি ও তথ্যবিজ্ঞানে কমপক্ষে মাস্টার্স ডিগ্রিধারী এবং বিশ্ববিদ্যালয়ের বা কোন গবেষণা প্রতিষ্ঠানের লাইব্রেরি অথবা অনুরূপ কাজে কমপক্ষে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে, তন্মধ্যে লাইব্রেরির ডেপুটি লাইব্রেরিয়ান বা সমমানের পদে অবশ্যই ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যার, ডাটাবেস, রিপোজিটরী এবং ওয়েবসাইট ব্যবস্থাপনাতে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। লাইব্রেরি ও তথ্যবিজ্ঞানে Ph.D ডিগ্রিধারী প্রার্থীর বেলায় উপরোক্ত অভিজ্ঞতা ১৫(পনের) বৎসরের স্থলে ১০(দশ) বৎসর হইবে। স্বীকৃত ও আন্তর্জাতিক মানের জার্নালে প্রকাশনা থাকিলে প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

ডেপুটি রেজিস্ট্রার পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাস্টার্স ডিগ্রিধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী এবং ১ম শ্রেণির পদে অফিসার হিসাবে প্রশাসনিক কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে, তন্মধ্যে সহকারী রেজিস্ট্রার/ সহকারী পরিচালক/সহকারী লাইব্রেরীয়ান বা সমমানের পদে অবশ্যই ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম। বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইত পারে।

সহকারী রেজিস্ট্রার পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাষ্টার্স ডিগ্রিধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণির পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/ শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম অফিসার পদের নির্ধারিত যোগ্যতা ঃ- সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতকোত্তর ডিগ্রি + কোনো প্রতিষ্ঠানে প্রশাসনিক তথ্যের/প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/প্রধান সহকারী বা সমমান পদে কর্মরত এবং প্রশাসনিক তথ্যের/ প্রশাসনিক কাজে উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে মোট ৮ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হইতে হইবে।

ডেপুটি কম্পট্রোলার পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগ/সিজিপিএ ২.৫(৪ এর মধ্যে) সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য/ফিন্যান্স/ফিন্যান্স এন্ড ব্যাংকিং/একাউন্টিং/একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম/ব্যবসা প্রশাসনে কমপক্ষে মাস্টার্স ডিগ্রিধারী এবং প্রথম শ্রেণির পদে অফিসার হিসাবে একাউন্টসের কাজে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে, তন্মধ্যে সহকারী পরিচালক (একাউন্টস) বা সমমান পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান হইতে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে কমপক্ষে ১(এক) বছরের পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা/সিএ ফাইনাল পাশ/সিএমএ ফাইনাল পাশ/ সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীগণ অগ্রাধিকার পাইতে পারেন। শিক্ষাজীবনের কোন পর্যায়ে সিজিপিএ ২.৫ এর নীচে/ তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নহে।

পেশ ইমাম (কেন্দ্রিয় মসজিদ) পদের নির্ধারিত যোগ্যতাঃ- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে কামিল অথবা কোন ক্বওমী মাদ্রাসা হইতে তাকমিল অথবা ফাজিল সহ কোন বিশ্ববিদ্যালয় হইতে এই সম্পর্কযুক্ত বিষয়ে মাস্টার্স ডিগ্রি। সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে। কামিল/তাকমিল/ মাস্টার্স ডিগ্রি পরীক্ষায় ১ম শ্রেণি থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই ভাল ক্বারী হইতে হইবে। হাফেজ/মুহাদ্দিস/ মুফাস্‌সির/মুফতি প্রার্থী অগ্রাধিকারযোগ্য। অভিজ্ঞতা ঃ (১) কোন মসজিদে পূর্ণকালীন ইমাম হিসাবে অন্যূন্য ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ আলিয়া বা ক্বওমী মাদ্রাসায় অন্যূন্য ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা কোন মসজিদে পূর্ণকালীন ইমাম হিসাবে অন্যূন্য ৭(সাত) বৎসরের অভিজ্ঞতা। (২) আরবী ভাষায় বুৎপত্তি এবং ইসলামি শরীয়ার মাসয়ালা-মাসায়েল পান্ডিত্য।

চলমান পাতা/২

মেডিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা ঃ- এস.এস.সি ও এইচ.এস.সি-তে ১ম বিভাগসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস ডিগ্রি পাশ হইতে হইবে। অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

নির্বাহী কর্মকর্তা পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রি পাশ হইতে হইবে এবং সেই সঙ্গে অফিসের কাজে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে যাহার মধ্যে কমপক্ষে ১০ বছর অবশ্যই প্রশাসনিক অফিসার/হিসাব রক্ষণ অফিসার বা সমমানের পদে কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। কোন পাবলিক পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। প্রার্থীকে অবশ্যই চাকুরীবিধি, বাসা বাড়ী বন্টন, টেন্ডার/কোটেশন সংক্রান্ত আইনকানুন ও চুক্তি পত্র সম্পাদন বিষয়ে সম্যক জ্ঞান থাকিতে হইবে।

সহকারী পরিচালক (পরিকল্পনা) পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাষ্টার্স ডিগ্রিধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং /বিইউআরপি ডিগ্রিধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণির পদে প্রশাসনিক কাজে অথবা পরিকল্পনা এবং উন্নয়ন কাজ সম্পর্কে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

এক্সপেরিমেন্টাল ইঞ্জিঃ পদের নির্ধারিত যোগ্যতা ঃ- Must have a B.Sc. Engineering degree in Glass and Ceramic Engineering (GCE) /Materials and Metallurgical Engineering from a recognized Institution plus 5(five) years experience in the relevant field. Specialized training in the relevant field will be given preference. No Third division/class or equivalent grade will be allowed at any level. **OR**
Must have an M.Sc. Engineering degree in Glass and Ceramic Engineering (GCE)/Materials and Metallurgical Engineering (MME) along with a B.Sc. Engineering degree in GCE/MME from a recognized Institution plus 3(three) years experience in the relevant field. Specialized training in the relevant field will be given preference. No Third division/class or equivalent grade will be allowed at any level.

সহকারী পরিচালক (তথ্য ও প্রকাশনা) পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে মাষ্টার্স ডিগ্রিধারী হইতে হইবে। গণযোগাযোগ ও সাংবাদিকতায় ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া হইবে এবং বিশ্ববিদ্যালয় বা গবেষণামূলক প্রতিষ্ঠানে প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণির পদে তথ্য ও প্রকাশনা কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন অথবা প্রথম শ্রেণির সংবাদ পত্রে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতা সম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

তথ্য ও প্রকাশনা অফিসার পদের নির্ধারিত যোগ্যতাঃ- Candidate must have Master's with honours in Journalism/ Mass Communication from a recognized university and 1 (one) year experience in the relevant field. **OR** At least Master's degree from a recognized university with minimum of 5 (Five) years experience in the relevant field.

সহকারী পরিচালক (কম্পঃ) পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে কমার্স/ ব্যবসা প্রশাসনে কমপক্ষে মাস্টার্স ডিগ্রিধারী এবং একাউন্টস অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণির পদে একাউন্টস এর কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/ শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

একাউন্টস অফিসার পদের নির্ধারিত যোগ্যতাঃ- সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে বাণিজ্য/ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রী+কোনো প্রতিষ্ঠানে হিসাব সংক্রান্ত কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/হিসাব রক্ষক বা সমমান পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/সহকারী হিসাব রক্ষক বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা ঃ-অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে নূন্যতম বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন-বায়োমেডিক্যাল /ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল অথবা বি.এসসি ইন মেডিক্যাল টেকনোলজী/রেডিওলজী/মেডিক্যাল ইমেজিং/ইলেক্ট্রো মেকানিক্যাল থাকিতে হইবে। মেডিক্যাল যন্ত্রপাতি মেরামত এবং রক্ষণাবেক্ষণ কাজে কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে নূন্যতম ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সংশ্লিষ্ট কাজের উপর অতিরিক্ত কোন প্রকার ট্রেনিং থাকিলে তাহা উল্লেখ করিতে হইবে। শিক্ষাজীবনে কোন ক্ষেত্রে ৩য় বিভাগ/শ্রেণি এবং সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না।

সহকারী টেকনিক্যাল অফিসার (বিএমই) পদের নির্ধারিত যোগ্যতা ঃ- প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/ মেকানিক্যাল/ রেডিওলজী/মেডিক্যাল ইমেজিং/ইলেক্ট্রো মেকানিক্যাল/ল্যাব মেডিসিন এ ডিপ্লোমা প্রাপ্ত এবং মেডিক্যাল/ইমেজিং যন্ত্রপাতি মেরামত এবং রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই আধুনিক মেডিক্যাল যন্ত্রপাতি স্থাপনে পারদর্শী, উহার দোষ ত্রুটি নিরূপণ এবং নিজ হাতে উহা মেরামতের যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। শিক্ষাজীবনে কোন ক্ষেত্রে ৩য় বিভাগ/শ্রেণি এবং সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না।

সহকারী প্রোগ্রামার পদের নির্ধারিত যোগ্যতা ঃ- (ক) প্রার্থীকে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী অথবা পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/গণিত/পরিসংখ্যান/বাণিজ্য/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/ব্যবসায় প্রশাসনে মাস্টার্স ডিগ্রিধারী হইতে হইবে। "Object Oriented Programming" এ দক্ষতা এবং C-Sharp ও webservice Technology জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। (খ) প্রার্থীকে সংশ্লিষ্ট প্রফেশনাল সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। ইহা প্রকৌশলীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

প্রশাসনিক অফিসার পদের নির্ধারিত যোগ্যতা ঃ- সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতকোত্তর ডিগ্রি এবং কোনো প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। **অথবা** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হইতে হইবে।

বিঃ দ্রঃ- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন ১(এক) টি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন অথবা ডিগ্রি অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।

সকল পদের জন্য প্রযোজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রাপ্ত নির্ধারিত ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (কর্মকর্তা পদের ক্ষেত্রে REG-2-এ ১০ সেট) জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং এই বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার-এর অনুকূলে প্রদেয় ৩য়, ৪র্থ ও ৫ম গ্রেড (বেতন স্কেল ৳ঃ ৫৬৫০০-৭৪৪০০/-, ৫০০০০-৭১২০০/- ও ৪৩০০০-৬৯৮৫০/)-এর পদে আবেদনের জন্য ৳ঃ ১,০০০/-(এক হাজার) ও অন্যান্য পদের জন্য ৳ঃ ৭৫০/-(সাত শত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ঢাকা মহানগরস্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক, টাকা জমার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page এবং কর্মকর্তা পদের Q.T. Vacancy-এর Job circular page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষর/-
(প্রফেসর ডঃ মোঃ সাইদুর রহমান)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/৭১২৭৩/৪৭০২৫/৬৯৭২৯/৬১৮৫০/৬৯৪৭২/৬৭৪৯৪/৬৯০৮৬/৬৯০৮৭/৬৭২৩২/৭১৪৬২/৬৫৯৪৮/৬৫৯৬৯/রে-১১৭৮(৬০)

তারিখঃ ১৯/০৯/২০১৭

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ঃ-

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
৩। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।

D:\R@_Mustafiz._2017\BAW__59\Advertisement (Teacher & Officer) PDF.doc